**কবিতা/গল্প প্রকাশ**



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



**ডাউনলোড "এই যুগ অ্যাপ"**



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 11 APRIL 2026 ,SATURDAY | ১১ এপ্রিল ২০২৬ ,শনিবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-130


## রেশন দুর্নীতি মামলায় রাজ্যের ১২টি জায়গায় তল্লাশি ইডির




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,১০ এপ্রিল :** সামনেই রাজ্যে বিধানসভা নির্বাচন । রাজ্যে নির্বাচন নিয়ে তোরজোর । এরই মধ্যে রেশন দুর্নীতি মামলায় ফের সক্রিয় কেন্দ্রীয় এজেন্সি ইডি। শুক্রবার হাওড়া, কলকাতা, মুর্শিদাবাদ এর বিভিন্ন এলাকায় তল্লাশি চালায় ইডি। ইডি সূত্রে জানা গেছে রাজ্যে মোট ১২টি জায়গায় তল্লাশি হয়েছে ।সুত্রের খবর , কলকাতায় এক ব্যবসায়ীর বাড়িতে শুক্রবার সকালে ইডি আধিকারিকরা পৌঁছয় তদন্তে। রেশন বন্টন সহ কোথায় কোথায় সে রেশন পাঠানো হতো, সমস্ত বিষয় খতিয়ে দেখেন ইডি আধিকারিকরা। এছাড়া কলকাতার পোদ্দার কোর্ট এবং মিন্টো পার্ক এলাকার একাধিক জায়গাতেও তল্লাশি চালায়।অন্য দিকে, রানিগঞ্জে এক ব্যবসায়ীর বাড়িতে হানা দেয় ইডি আধিকারিকরা। রেশন দুর্নীতি নিয়ে ইডি আধিকারিক দের সক্রিয় ভূমিকায় খুশি সাধারণ মানুষ, সাধারণ মানুষের মতে কেন্দ্রীয় এজেন্সির প্রতিটা জায়গায় তদন্ত করা দরকার , সাধারণ মানুষের রেশন নিয়ে দুর্নীতি হয়েছে ।

## প্রচার করতে গিয়ে আক্রান্ত বিজেপির প্রার্থী চুনিয়া ঝোড়ায়




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১০ এপ্রিল :** শুক্রবার দুপুরে কুমারগ্রাম বিধানসভার চুনিয়া ঝোড়ায় প্রচার করতে গিয়ে আক্রান্ত হলেন বিজেপির প্রার্থী মনোজ কুমার ওরাওঁ। এলাকার একদল ব্যক্তি রাস্তায় তাকে দাঁড় করিয়ে পাঁচ বছরের উন্নয়ন নিয়ে প্রশ্ন করেন। এমনকি বিজেপি প্রার্থীসহ তার কর্মকর্তাদের উপর চড়াও হন এমনটাই অভিযোগ বিজেপির প্রার্থী মনোজ ওরাওঁয়ের। বিষয়টি নিয়ে ব্যাপক উত্তেজনা ছড়িয়েছে গোটা কুমারগ্রাম জুড়ে। যদিও তৃণমূলের পক্ষ থেকে তৃণমূলের জেলা সভাপতি পাল্টা অভিযোগ করেছেন বিজেপির প্রার্থী ভোটারদের মারধর করেছেন। মনোজ বাবু জানিয়েছেন তার উপর আক্রমণের বিষয় নিয়ে পুলিশ এবং নির্বাচন দপ্তরের কাছে অভিযোগ জানাবেন।

## বিধানসভা ভোটের খরচ জোগাতে সিন্ডিকেট শামুকতলায়



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১০ এপ্রিল :** সিন্ডিকেট বানিয়ে চলছে চোরাই বালি পাথরের ব্যবসা শামুক তলায়। সিন্ডিকেট বেঁধে দিচ্ছে বালি পাথর ব্যবসায়ীদের রেট। রীতিমতো সাংবাদিকের নাম করেও টাকা তুলছেন সিন্ডিকেটে থাকা কর্মকর্তারা। যদিও বিষয়টি নিয়ে সিন্ডিকেটের এক কর্মকর্তা বলেছেন ভুয়ো- অভিযোগ। চোরাই বালু পাথরের ব্যবসার রমরমা চলছে বিধানসভা ভোটের প্রাক্কালে শামুকতলায়। আর এর সঙ্গে জড়িত রয়েছেন প্রশাসনিক কর্তারা। সিন্ডিকেট থেকে প্রশাসনিক কর্তাদের হাতে টাকা চলে যাচ্ছে এমন তথ্য হাতে এসেছে। যদিও প্রশাসনিক কর্তারা বিষয়টি নিয়ে মুখ খুলছেন না। তবে ভোটের প্রাক্কালে সিন্ডিকেট কে এক হাজার টাকা দিলেই ট্রাক্টর চালানোর অনুমতি মিলছে। বিধানসভা ভোটের খরচ জোগাতেই সিন্ডিকেট এর রমরমা ব্যবসা চলছে শামুকতলায়।

## নির্ভয়ে ভোটদানের বার্তা ব্লক প্রশাসনের





**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১০ এপ্রিল :** নির্ভয়ে ভোটদানের বার্তা সহ অবাধ ও শান্তিপূর্ণ স্বচ্ছ-নিরপেক্ষ নির্বাচনের লক্ষ্যে আলিপুরদর দু'নম্বর ব্লক প্রশাসন সক্রিয় ভূমিকা পালন করছেন। সরকারি আধা সরকারি স্বাসিত স্থানীয় প্রশাসনের কর্মচারীরা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোন রাজনৈতিক ক্রিয়া-কলাপে যুক্ত থাকলে তার বিরুদ্ধে শাস্তি মূলক ব্যবস্থা এবং থানায় অভিযোগ দায়ের হবে বার্তা দিলেন আলিপুরদুয়ার দু'নম্বর ব্লক প্রশাসন। পুলিশ প্রশাসনের পাশাপাশি ব্লক প্রশাসন নির্ভয়ে ভোটদানের বার্তা দিচ্ছেন ভোটারদের। রীতিমতো কেন্দ্রীয় বাহিনীকে নিয়ে বিভিন্ন এলাকায় টহল দিচ্ছেন পুলিশ এবং অন্যান্য প্রশাসনিক কর্তারা।

# তৃণমূলের বিধায়কের দিকে আঙ্গুল সাংসদের



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১০ এপ্রিল :** আলিপুরদুয়ার এর সাংসদ মনোজ টিগ্গা সাংবাদিক সম্মেলন করলেন বীর পাড়ায়। বিধানসভা ভোটের প্রাক্কালে তিনি সাংবাদিকদের মুখোমুখি হয়ে আলিপুরদুয়ার জেলার বীরপাড়া এলাকার বিভিন্ন সমস্যা তুলে ধরলেন। মাদারিহাট বীরপাড়া এলাকার সমস্যার সমাধান করতে পারেননি উপনির্বাচনের জয়ী হয়ে তৃণমূলের বিধায়ক। সাংসদ তৃণমূলের বিধায়কের বিরুদ্ধে আঙ্গুল তুলেছেন উন্নয়ন নিয়ে।

# ফালাকাটার বিজেপির প্রার্থীর উপর আক্রমণ ,আহত এক





**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১০ এপ্রিল :** ফালাকাটা বিধানসভার বিজেপি প্রার্থী দীপক বর্মনের উপর আক্রমণ করার অভিযোগ উঠেছে। আহত হয়েছেন বিজেপির বুথ সভাপতি রাখাল দাস বর্তমানে তিনি ফালাকাটা সুপার স্পেশালিটি হাসপাতালে চিকিৎসাধীন। বিজেপি প্রার্থী দীপক বর্মন জানান এদিন সন্ধ্যায় ফালাকাটা দেওগাঁও এলাকায় প্রচার চলছিল। যখন ওই এলাকায় কয়েকটি দোকানে প্রচার করছিলেন কার্যকর তাদের নিয়ে সেই সময় কিছু দুষ্কৃতী জয় বাংলা স্লোগান দিয়ে তেরে আসে এবং বিজেপি কর্মী রাখাল দাসের মাথায় লাঠি দিয়ে আঘাত করে এবং বিমল বর্মনের মুখে ঘুসি দেয়। বর্তমানে রাখাল দাস চিকিৎসাধীন হাসপাতালে। বিজেপির প্রার্থী দীপক বর্মন জানিয়েছেন তিনি পুলিশের কাছে অভিযোগ দায়ের করবেন এবং নির্বাচন দপ্তরের কাছে অভিযোগ দায়ের করবেন। তিনি প্রশ্ন তুলেছেন কোন রাজ্যে বাস করছেন পশ্চিমবঙ্গ নাকি অন্য কোন রাজ্য ?

# রাস্তা সংস্কারের দাবিতে শামুকতলায় পথ অবরোধ




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১০ এপ্রিল :** এলাকায় মিছিলের পরেও কেটে গেছে সাত দিন কিন্তু কোন সদুত্তর মেলেনি গ্রামবাসীদের। ২ কিলোমিটার রাস্তা সংস্কারের দাবি তুলে শামুকতলা হাতিপোঁতা রাজ্য সড়ক অবরোধ করলেন ইন্দিরা কলোনী এলাকার মহিলা পুরুষ যুবক একত্রিত হয়ে। অবরোধের ফলে ব্যাপক হয়রানির শিকার হয়েছেন পথ চলতি মানুষ। প্রতি সপ্তাহের শুক্রবার শামুকতলায় হাট বসে আর সেই হাটের দিনেই পথ অবরোধ করে দিলেন রাস্তা সংস্কারের দাবি তোলে। নো রোড নো ভোট লুগান তুলে গত সাত দিন আগে ইন্দিরা কলোনি এলাকায় মিছিল করেছিলেন ওই এলাকার বাসিন্দারা। সাত দিন কেটে গেল প্রশাসনিক কর্তারা রাস্তা সংস্কার নিয়ে কোনো রকম আলোচনা করেননি আন্দোলনকারীদের সঙ্গে। বাধ্য হয়ে শামুকতলা হাতি পোঁতা রাজ্য সড়কের ট্রাইবেল অফিস সংলগ্ন রাজ্য সড়ক অবরোধ করে দেন আন্দোলনকারীরা। ঘটনাস্থলে ছুটে আসেন পুলিশ এবং শমুকতলা গ্রাম পঞ্চায়েত প্রধান আলোচনা সাপেক্ষে অবরোধ তুলে নেন আন্দোলনকারীরা প্রায় ৩০ মিনিট অবরোধ ছিল।



# অতিরিক্ত পাথর বোঝাই গাড়ি আটক, জরিমানা ৪৫ হাজার





**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১০ এপ্রিল :** আইনকে বুড়ো আঙ্গুল দেখিয়ে অতিরিক্ত বোল্ডার বোঝাই করে রাজ্য সড়ক ধরে চলার পথে একটি পাথর বোঝাই লরি আটক করলো শামুকতলা রোড ফাঁড়ির পুলিশ। অতিরিক্ত পণ্য বোঝাই এর দায়ে ৪৫ হাজার টাকা জরিমানা করা হয়েছে ট্রাক মালিককে মোটর ভেহিকেল দপ্তরের পক্ষ থেকে। বিধানসভা ভোটের প্রাক্কালে আইনকে বুড়ো আঙ্গুল দেখিয়ে রাজ্য সড়ক থেকে শুরু করে জাতীয় সড়ক ধরে চলছে অতিরিক্ত পণ্য বোঝাই গাড়িগুলি। জানা গেছে তুরতুরি এলাকা থেকে শামুকতলা চৌপথী হয়ে এই পাথর বোঝাই লরি আলিপুরদুয়ার যাচ্ছিল।

# প্রকাশ্য দিবালোকে শামুকতলা হাট থেকে চুরি গেল বাইক



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১০ এপ্রিল :** শামুকতলা হাট থেকে চুরি হয়ে গেল একটি বাইক ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে শুক্রবার শামুকতলা হাটে। বাইক চুরির পরেই খোঁজাখুঁজির পর পুলিশের কাছে লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে। কোহিনুর এলাকার এক যুবক তার বাবার বাইক নিয়ে বাজারে আসে বাজার করার পর ৩০ মিনিট পরেই দেখতে পায় তার বাইকটি নেই। বিষয়টি জানায় তার বাবাকে ঘটনাস্থলে আসে তার বাবা পুলিশের কাছে লিখিত অভিযোগ দায়ের হয়েছে। বিধানসভা ভোটের প্রাক্কালে শামুকতলা হাট থেকে বাইক চুরির ঘটনায় আতঙ্কে পড়ে গেছেন ব্যবসায়ী এবং বাজারে আসা জনতা।



EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |